



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার



অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা
স্থাপিত : ১৯৯৪ খ্রি:



Web-Site: www.rangamatigmc.gov.bd

e-mail: principalrgmc@yahoo.com


তারিখঃ ০৬/৫/২০২৪খ্রিঃ

স্নাতক(পাস)পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের উপবৃত্তির আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

মাননীয় প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক স্নাতক (পাস) পর্যায়ের দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের শিক্ষা সহায়তা উপবৃত্তি ও অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে। এ লক্ষ্যে অত্র কলেজে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) ১মবর্ষে অধ্যয়নরত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের <https://estipend.pmeat.gov.bd> লিংকে প্রবেশ করে অনলাইনে নিবন্ধন পূর্বক চাহিত তথ্যাদি এন্ট্রি দিয়ে প্রিন্ট কপি নিতে হবে। তারপর অত্রই শিক্ষার্থীকে ই-স্টাইপেন্ড ম্যানেজমেন্ট সিস্টেমে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক নিশ্চয়ন করার জন্য নিম্নোক্ত শর্তাবলী অনুসরণপূর্বক অনলাইনে পূরণকৃত আবেদনের মূল কপি কলেজে জমা দিতে হবে। এছাড়া প্রিন্ট কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

উপবৃত্তি প্রাপ্তির শর্তাবলী :

- ১। (ক) ২০২১-২০২২ শিক্ষাবর্ষে স্নাতক(পাস) ১ম বর্ষের নিয়মিত শিক্ষার্থী হতে হবে;
(খ) শ্রেণিকক্ষে (ক্লাসে) কমপক্ষে ৭০% উপস্থিত থাকতে হবে;
(গ) পূর্বের পরীক্ষায় জিপিএ ৩.৭৫ অথবা সিজিপিএ ৩.০০ থাকতে হবে;
(ঘ) পিতা/মাতা/অভিভাবকের বার্ষিক আয় ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার কম হতে হবে;
(ঙ) পিতা/মাতা/অভিভাবকের মোট জমির পরিমাণ সিটি কর্পোরেশন এলাকায় ০.০৫ শতাংশ এবং অন্যান্য এলাকায় ০.৭৫ শতাংশের কম হতে হবে;
(চ) বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থী, এতিম শিক্ষার্থী, তৃতীয় লিঙ্গের শিক্ষার্থী, ভূমিহীন পরিবারের সন্তান, বীর মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান, দুস্থ পরিবারের সন্তান অগ্রাধিকার পাবে;
- ২। অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের আবেদন এন্ট্রির সময়সীমা ২৩.০৫.২০২৪ খ্রি: পর্যন্ত;
- ৩। আবেদন ফরম ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজে জমাদানের সময়সীমা ২৩.০৫.২০২৪ খ্রি: পর্যন্ত;
- ৪। আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র কলেজে জমা দিতে হবে;
(ক) শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়নপত্র;
(খ) পিতা/মাতা/অভিভাবক সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত থাকলে অফিস প্রধানের প্রত্যয়নপত্র;
(গ) শিক্ষার্থীর পাসপোর্ট সাইজের রঙিন ছবি ১কপি;
(ঘ) শিক্ষার্থীর জন্মনিবন্ধন সনদপত্র (১৭ডিজিট বিশিষ্ট);
(ঙ) শিক্ষার্থীর সকল প্রকার পরীক্ষার নম্বরপত্র, প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি;
(চ) পিতা ও মাতা অথবা অভিভাবকের (পিতা/মাতার অবর্তমানে) NID এর ফটোকপি;
(ছ) শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখার নাম (রাউটিং নম্বর উল্লেখ করতে হবে)।


(প্রফেসর মোহাম্মদ এনামুল হক মন্ডল)
আইডি নং-৯৬৭৭

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।